
দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 9 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 5

83
126



আইডিয়াল হাইস্কুলের সামনে অভিভাবক-অভিভাবিকাদের ভীড় —ইত্তেফাক

# স্কুলে ভর্তি পরীক্ষা শুরু ঠাঁই নাই, ঠাঁই নাই



বাংলাবাজার বালিকা বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা —ইত্তেফাক

(ইত্তেফাক রিপোর্ট)

রাজধানীর ভাল স্কুলগুলিতে এই ভর্তির মৌসুমে ঠাঁই নাই, ঠাঁই নাই রব। এক একটি শ্রেণীতে আসন সংখ্যার চাইতে দরখাস্ত পড়িয়াছে বহুগুণ বেশী। অনেক স্কুলে অবাধে ২০/৩০ টাকা দামের ভর্তি ফরম বিক্রি হইয়াছে। আবার পূর্বতন স্কুলের মার্কসিট যাচাই করিয়া কড়াকড়িভাবে ভর্তি ফরম বিক্রির উদাহরণও আছে।

গতকাল (রবিবার) সরকারী-বেসরকারী স্কুলে ভর্তি পরীক্ষার প্রথমদিনে মতিঝিলে আইডিয়াল হাইস্কুলের সম্মুখে ভর্তিচ্ছুদের অভিভাবক-অভিভাবিকাদের ভীড় ছিল অভাবনীয়। এই স্কুলে প্রথম শ্রেণীতে একশত শিশুকে ভর্তি করানো হইবে। কিন্তু ভর্তিচ্ছুর সংখ্যা ১২ শতাধিক।

অভিভাবকেরা ছেলেমেয়েদের নামকরা স্কুলে পড়াইতে চান। কিন্তু এই আশা অনেকেরই পূরণ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

হয় না। সেই সাথে জীবনের প্রথম ব্যর্থতার বেদনা অনুভব করে কোমলমতি বালক-বালিকারাও। রাজধানীতে স্কুলের সংখ্যা কয়েক-শত। তবে পড়াশুনায় সুনামের অধিকারী স্কুলের সংখ্যা মাত্র কয়ে-কটি। ইহাও লক্ষ্য করার বিষয় যে, ছাত্র-ছাত্রীর অভাবে গতকাল শহরের অনেক স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। পুরাতন শহ-রের একটি স্কুলের প্রধান শিক্ষক জানান যে, সারা মাস ধরিয়াই সেই স্কুলে ছাত্র ভর্তি হয়।

আজও বিভিন্ন স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।